

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ১৪৪

পর্ব - ১০ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০. হায়িয (ঋতুস্রাব) সংক্রান্ত - ঋতুমতী মহিলার যে সকল কাজ বৈধ ও অবৈধ

আরবী

وَعَنْ أَنَسٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ: أَنَّ الْيَهُودَ كَانُوا إِذَا حَاضَتِ الْمَرْأَةُ لَمْ يُؤَاكِلُوهَا، فَقَالَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اصْنَعُوا كُلَّ شَيْءٍ إِلَّا النِّكَاحَ». رَوَاهُ مُسْلِمٌ

সহিহ. রোহ মুসলিম (302) ওলফে: এন আনস; এন ইহুদ কানো ইদা হাযতিল মরাত ফিহেম, লম ইয়াকলুহা, ওলম ইজামেহন ফি البيوت, فسأل أصحاب النبي صلى الله عليه وسلم النبي صلى الله عليه وسلم, فأنزل الله تعالى: (وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُوَ أَذَى فَأَعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ) إِلَى آخِرِ الْآيَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اصْنَعُوا كُلَّ شَيْءٍ إِلَّا النِّكَاحَ» فَبَلَغَ ذَلِكَ الْيَهُودَ، فَقَالُوا: مَا يَرِيدُ هَذَا الرَّجُلُ أَنْ يَدْعَ مِنْ أَمْرِنَا شَيْئًا إِلَّا خَالَفْنَا فِيهِ. فَجَاءَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ وَعَبَادُ بْنُ بَشْرٍ فَقَالَا: يَا رَسُولَ اللَّهِ! إِنْ الْيَهُودَ تَقُولُ: كَذَا وَكَذَا. فَلَا نَجَامِعُهُنَّ؟ فَتَغْيِرُ وَجْهَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى ظَنَنَّا أَنْ قَدْ وَجَدَ عَلَيْهِمَا، فَخَرَجَا، فَاسْتَقْبَلَهُمَا هَدِيَّةٌ مِنْ لَبْنٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَرْسَلَ فِي آثَرِهِمَا، فَسَقَاهُمَا، فَعَرَفَا أَنْ لَمْ يَجِدْ عَلَيْهِمَا. وَمَعْنَى «وَجَدَ»: غَضِبَ

বাংলা

১৪৪। আনাস (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, ইয়াহুদী লোকেরা তাদের হায়িযা স্ত্রীর সাথে পানাহার করা পরিত্যাগ করতো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা (কেবল) যৌন মিলন ছাড়া (যথারীতি) তাদের সঙ্গে সবই করবে।[1]

English

Narrated Anas (RAA):

The Jews used not to eat with a woman during her menstruation period, so the Prophet (Peace be upon him) said: "Do every thing else apart from sexual intercourse (with your wives)". [Reported by Muslim.]

ফুটনোট

[1] মুসলিম ৩০২; শব্দ বিন্যাস মুসলিমের। আনাস (রাঃ) হতে বর্ণিত, ইহুদীদের নারীরা যখন হায়েযা হয়ে পড়ত তখন তারা তাদের সাথে পানাহার করতো না, তাদের সাথে একঘরে বসবাস করতো না। সাহাবীগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ বিষয়ে জিজ্ঞেস করলে (وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى فَاعْتَزِلُوا) (النِّسَاءُ فِي الْمَحِيضِ) "তারা তোমার কাছে হায়েয সম্পর্কে জিজ্ঞেস করে। বলে দাও যে, তা হলো নাপাক। সুতরাং হায়েয অবস্থায় তোমরা মহিলাদের থেকে পৃথক থাক... আয়াতটি নাযিল হয়। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তোমরা তোমাদের স্ত্রীদের সাথে সঙ্গম ব্যাতিত সবকিছুই করবে। এ কথাটি ইহুদীদের নিকট পৌঁছে গেল। ফলে তারা বললো যে, এ লোকটির উদ্দেশ্য কী যে, আমরা যা করি তার বিপরীত করে বসে। অতঃপর (তাদের এ কথা শুনে) উসাইদ বিন হুযাইর (রাঃ) এবং ইবাদ বিন বাশার (রাঃ) এসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহুদীরা এমন এমন কথা বলেছে; তাহলে আমরা কি আমাদের স্ত্রীদের সাথে এমতাবস্থায় সঙ্গম করব? তাদের উভয়ের এ কথা শ্রবণ করতঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চেহারা পরিবর্তন হয়ে গেল এমনটি আমরা ধারণা করলাম যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদের তাদের উপর রাগান্বিত হয়েছেন। তারপর তারা দুজনে সেখান থেকে বের হয়ে গেল। ইতোমধ্যেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য দুধ হাদিয়া আসলো। তিনি তাদেরকে ডেকে পাঠালেন। (তারা এলে) তিনি তাদেরকে দুধ পান করালেন তখন তারা বুঝল যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদের উপর রাগ করেন নি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69955>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন